

গুচ্ছ ভর্তির আবেদন শুরু ১৭ অক্টোবর, ফি ৫০০ টাকা

নিজস্ব প্রতিবেদক

১৪ অক্টোবর ২০২২ ০৫:৪৭ পিএম | আপডেট: ১৪ অক্টোবর ২০২২
০৮:৫০ পিএম

41
Shares



সুপারমার্কেট ডেলিভারিতে
মাসিকভিত্তিক সস্তার সন্ধান



order now

গুচ্ছভুক্ত বিশ্ববিদ্যালয়ের লোগো

advertisement

আগামী ১৭ অক্টোবর থেকে শুরু হবে নতুন শিক্ষাবর্ষে গুচ্ছভুক্ত ২২ বিশ্ববিদ্যালয়ের ভর্তি আবেদন, যা চলবে ২৭ অক্টোবর পর্যন্ত। ভর্তি ইচ্ছুকদের বিশ্ববিদ্যালয় প্রতি ৫০০ টাকা আবেদন ফি নির্ধারণ করা হয়েছে। আজ শুক্রবার গুচ্ছ ভর্তি কমিটির যুগ্ম আহ্বায়ক এবং শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. ফরিদ উদ্দিন আহমেদ এ তথ্য নিশ্চিত করেছেন।

উপাচার্য বলেন, ‘একটি বিশ্ববিদ্যালয়ে আবেদন করে নির্ধারিত ফি দিলে ওই বিশ্ববিদ্যালয়ের সব ইউনিটের বিষয় পছন্দ করার সুযোগ পাবে শিক্ষার্থীরা। পৃথক ইউনিটের জন্য অতিরিক্ত ফি প্রয়োজন হবে না। আবেদনের পর শিক্ষার্থীদের রেজাল্ট ও বিশ্ববিদ্যালয়ে ভর্তির মানদণ্ড অনুযায়ী শিক্ষার্থীরা ভর্তির সুযোগ পাবে। একটি ওয়েবসাইটের মাধ্যমে ২২টি বিশ্ববিদ্যালয়ের ভর্তির আবেদন সম্পন্ন হবে।’

তিনি আরও বলেন, ‘এর আগে ইউনিটভিত্তিক আবেদনে পৃথক ফি নেওয়ার সিদ্ধান্ত হলে বিষয়টি নিয়ে সমালোচনার সৃষ্টি হয়েছিল। শিক্ষার্থীদের সুবিধার কথা চিন্তা করে আমরা সিদ্ধান্তটি পরিবর্তন করেছি। এখন ইউনিটভিত্তিক আবেদনের প্রয়োজন নেই। বিজ্ঞান বিভাগের শিক্ষার্থীরা একটি আবেদনের মাধ্যমে বাণিজ্য ও মানবিক বিভাগের বিষয়ের জন্য আবেদন করতে পারবে। একইভাবে বাণিজ্য বিভাগের শিক্ষার্থীরা একটি আবেদনের মাধ্যমে বাণিজ্য ও মানবিক দুই বিভাগের বিষয়ের জন্যই আবেদন করতে পারবে।

তিনি জানান, এবার শিক্ষার্থীরা তাদের পছন্দের বিশ্ববিদ্যালয়ে আবেদন ফি দেওয়ার পরেই বিষয় পছন্দ করার সুযোগ পাবে। ভর্তির মানদণ্ডের বিষয়ে তিনি বলেন, প্রতিটি বিশ্ববিদ্যালয়ের একাডেমিক কাউন্সিল নিজস্ব মানদণ্ড নির্ধারণ করে ভর্তি কার্যক্রম সম্পন্ন করবে।

গুচ্ছভুক্ত প্রতিটি বিশ্ববিদ্যালয়ের বিভাগ এ, বি ও সি ইউনিটে বিভক্ত। যেকোনো আবেদনকারী শুধুমাত্র সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত শর্তসাপেক্ষে আবেদনযোগ্য বিভাগসমূহে আবেদন করতে পারবে। আবেদন করা বিভাগসমূহের পছন্দক্রম সঠিকভাবে প্রদান করতে হবে। আবেদনের সময়সীমা অতিক্রমের পর পছন্দক্রম পরিবর্তনের সুযোগ থাকবে না।

এদিকে ভর্তি বিজ্ঞপ্তিতে কয়েকটি বিশেষায়িত বিভাগের জন্য ব্যবহারিক পরীক্ষা আবশ্যিক বলে উল্লেখ করা হয়েছে। যেমন- স্থাপত্য, সংগীত, নাট্যকলা, ফিল্ম এন্ড টেলিভিশন, থিয়েটার এন্ড পারফরমেন্স স্টাডিজ, ফিল্ম অ্যান্ড মিডিয়া স্টাডিজ, চারুকলা (ড্রইং অ্যান্ড পেইন্টিং, প্রিন্টমেকিং, ভাস্কর্য প্রভৃতি)। উল্লেখিত বিভাগ পছন্দক্রমে অন্তর্ভুক্ত করলে ব্যবহারিক ফি-বাবদ অতিরিক্ত ৩০০ টাকা জমা দিতে হবে। সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত নিয়ম অনুযায়ী আবেদন ফি উল্লেখিত সময়ের মধ্যে পরিশোধ করতে হবে। বিশেষায়িত বিষয়ের ব্যবহারিক পরীক্ষা স্ব-স্ব বিশ্ববিদ্যালয়ে অনুষ্ঠিত হবে।

গুচ্ছভুক্ত ২২টি বিশ্ববিদ্যালয় হলো- জগন্নাথ বিশ্ববিদ্যালয়, শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়, পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, শেখ হাসিনা বিশ্ববিদ্যালয় (নেত্রকোনা), বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ডিজিটাল বিশ্ববিদ্যালয়, বরিশাল বিশ্ববিদ্যালয়, রাঙামাটি বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, রবীন্দ্র বিশ্ববিদ্যালয়, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (গোপালগঞ্জ), কুমিল্লা বিশ্ববিদ্যালয়, পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, খুলনা বিশ্ববিদ্যালয়, যশোর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়,

ইসলামী বিশ্ববিদ্যালয়, নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, হাজী মোহাম্মদ দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিশ্ববিদ্যালয় (কিশোরগঞ্জ) এবং চাঁদপুর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।